

কুমিল্লা বোর্ডে বৃহস্পতিবারের এইচএসসি পরীক্ষা স্থগিত

কুমিল্লা প্রতিনিধি



ফাইল ছবি

কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে আগামীকাল বৃহস্পতিবারের (১০

জুলাই) এইচএসসি পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে।

আগামীকাল পদার্থ বিজ্ঞান, হিসাব বিজ্ঞান ও যুক্তিবদ্য প্রথম

পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

বুধবার (৯ জুলাই) রাত পৌনে ১০টায় কুমিল্লা শিক্ষা বোর্ডের

পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর রঞ্জনা নাচরীন কালের কঠকে এ তথ্য

নিশ্চিত করেছেন।

তিনি জানান, কুমিল্লা বোর্ডের অধীনে থাকা জেলাগুলোতে হঠাত

করে বন্যা পরিস্থিতি অন্তি এবং ফেনী, নোয়াখালীসহ বিভিন্ন

জেলায় বন্যার পানি বৃদ্ধির কারণে শুধু মাত্র বৃহস্পতিবারের

এইচএসসি পরীক্ষার অনুষ্ঠিত হবে না।

ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া ও কুমিল্লা
জেলায় সকল কলেজের শিক্ষার্থীদের যেন ভোগান্তি পোহাতে না
হয়, সে বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আনুষ্ঠানিকভাবে পরীক্ষা
স্থগিত ঘোষণা করা হলো।

গত ২৬ জুন থেকে সারা দেশে একযোগে শুরু হয় ২০২৫ সালের
এইচএসসি ও সমমান পরীক্ষা।